

- ২। মতো'য় যে ভাব দিলেন হরি,
 তুলা নাই তার জগৎ ভরি,
 মিথ্যা কথা ব্যভিচারী, কেউ যেন না করে ।
 থাকলে চরিত্র, ঠিক, অটল নিরিখ, ধর্বি সে অধরে ---
 যদি হারা'স ফোঁটা, বাধবে ল্যাঠা, যাবি কিন্তু ছারখারে ॥
- ৩। জগৎ ভরা আছে মানুষ, সবার মনে দিল যে হুস,
 সেই যে তোদের মনের মানুষ, পতিতের ঘরে ।
 তাঁর ভাব ছড়া'য়ে গুরুচাঁদ হয় দেশে গি'ছে ফিরে---
 ধরে সেই প্রাণের বান, প্রমথচাঁদ,
 ঘুরতেছে দেশ দেশান্তরে ॥
- ৪। গোপালচাঁদ কয় আয় সকলে, থাকিস্নে আর মায়ায় ভুলে,
 দুঃখের জ্বালায় জ্বলে মরি ;
 ঘোলায় পড়ে গোলমেলে তরী ডুবে মরে
 এমন দয়াল ঠাকুর প্রমথচাঁদ চিন্‌লি না কেউ তারে
 সে (তোদের) সকল বোঝা বইতে রাজী,
 এমন বান্ধব পাবি নাৱে ॥
- ৫। মহানন্দ যায় না সন্দ, বুঝবে কি ছাই কপাল মন্দ,
 মনে মুখে বিষম দ্বন্দ্ব, করলো জনম ভরে;
 ভবে ঘোলায় ডুবতে দেখে গোপাল রাখলো ধরে---
 হায়রে ধর্লে কি হয়, স্বভাবে খায়,
 ভাবের ঘরে চুরি করে ॥
 ---মহানন্দ হালদার